ভোরের কাগজ

তারিখ ... APR 2 2 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 9

166

# চ. বি. শিক্ষক সমিতির সভাপতির পদত্যাগ পরে প্রত্যাহার

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মঞ্জুর মোর্শেদ মাহমুদ গত মঙ্গলবার পদত্যাগ করেন এবং গতকাল বুধবার তা প্রত্যাহার করে নেন।

জানা যায়, ক্যাম্পাসে ডিস এন্টিনার দাবিতে গত শনিবার সড়ক অবরোধ চলাকালে কতিপয় ছাত্র বিশ্ববিদ্যালয়ের কয়েকজন সিনিয়র শিক্ষককে নাজেহাল করে। সোমবার শিক্ষক সমিতির সাধারণ সভায় অধ্যাপক মঞ্জুর মোর্শেদ শিক্ষকদের নাজেহালের প্রতিবাদে ক্লাস বর্জন, কালো ব্যাজ ধারণ ইত্যাদি কঠোর কর্মসূচির প্রস্তাব দেন। তাঁর প্রস্তাব গ্রহণ না হওয়ায় তিনি পদত্যাগপত্র পেশ করেন। অবশ্য ঐ সভায় নাজেহালকারীদের চিহ্নিতকরণ এবং দোষীদের বিরুদ্ধে শাস্তি দাবির প্রস্তাব গৃহীত হয়। শিক্ষকদের অনুরোধে সভাপতি গতকাল তাঁর পদত্যাগপত্র প্রত্যাহার করেন।